

ঢাকা ওয়াসা

সংযুক্ত ক্রঃ নং-১। সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের কপি।

সংযুক্ত ক্রঃ নং-২। প্রাপ্ত কোটেশন।

সংযুক্ত ক্রঃ নং-৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয় : সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ এর আলমারী, ফাইল কেভিটে এর লক, Executive chair, Rebulbing Computer chair এর Hydraulic পরিবর্তন ও মেরামত কাজের অনুমোদন প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয় প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার একটি জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনা। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-২ এর (ওএন্ডএম) বিভাগে রক্ষণাবেক্ষণ সংক্রান্ত গোপনীয় নথি ও চলতি ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সকল কাজ অর্থাৎ টেন্ডার কার্যক্রম সম্পাদনের জন্য নথি সকল জরুরী নথি পত্র সংরক্ষণ করা হয়। উল্লেখ্য যে অত্র বিভাগের বিভিন্ন দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য ব্যবহৃত অফিস আসবাবপত্র ও যন্ত্রপাতি, যেমন ফাইল ক্যাবিনেট, স্টিল আলমারি ও সংশ্লিষ্ট তালা এবং Executive chair, Rebulbing Computer chair দীর্ঘদিন যাবৎ নিয়মিত ব্যবহারের ফলে ধীরে ধীরে জীর্ণ, ক্ষয়প্রাপ্ত ও আংশিক/সম্পূর্ণ অকার্যকর হয়ে পড়েছে। বিশেষ করে লক্ষ্য করা যাচ্ছে যে, ফাইল ক্যাবিনেটের, আলমারিগুলোর লকিং সিস্টেম বিকল হয়ে যাওয়ায় গুরুত্বপূর্ণ নথিপত্র সংরক্ষণে নিরাপত্তাজনিত ঝুঁকি তৈরি বা দাপ্তরিক গোপনীয়তা রক্ষা ব্যাহত হচ্ছে। অন্যান্য ছোটখাটো যন্ত্রপাতিও (যেমন: হ্যান্ডেল, কবজা, লকিং মেকানিজম ইত্যাদি) মেরামতের অভাবে ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে। এছাড়া অফিসে ব্যবহৃত রিভলভিং চেয়ারসমূহের চাকা, হাইড্রোলিক সিস্টেম ও বডি স্ট্রাকচার নষ্ট/দুর্বল হয়ে পড়ায় তা ব্যবহারে অসুবিধা সৃষ্টি হচ্ছে এবং কর্মপরিবেশ বিঘ্নিত হচ্ছে। এমতাবস্থায়, দাপ্তরিক কার্যক্রমের স্বাভাবিক গতি বজায় রাখা, নথিপত্রের নিরাপত্তা নিশ্চিত করা এবং সরকারি সম্পদের যথাযথ সংরক্ষণ ও দীর্ঘস্থায়িত্ব রক্ষার স্বার্থে উল্লেখিত আসবাবপত্র ও যন্ত্রপাতিসমূহ, বিশেষ করে রিভলভিং চেয়ারসহ, জরুরি ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম গ্রহণ করা একান্ত প্রয়োজন। তাই জরুরী ভিত্তিতে লক পরিবর্তন ও রিভলভিং চেয়ারসহ মেরামত কাজ করার লক্ষ্যে বাজার দর যাচাই নিমিত্তে তিনটি কোটেশন সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত কোটেশনের নিম্নতম দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হল। যাতে টাকার পরিমাণ দাড়িয়েছে চ- ২৪,১৪০.০০ (চব্বিশ হাজার একশত চল্লিশ) টাকা মাত্র। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বাজেট বরাদ্দের পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাত কোড নং- ০১-০৪-০১১ হতে বহন করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-০২ (ওএন্ডএম) বিভাগে প্রশাসনিক ও দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে আলমারী, ফাইল কেভিটে এর লক, Executive chair, Rebulbing Computer chair এর Hydraulic পরিবর্তন ও মেরামত কাজটি পিপিআর ২০২৫ বিধি -১০০ উপ-বিধি-১ ধারায় সরাসরি ক্রয় প্রক্রিয়ার মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে উপস্থাপিত সর্বমোট চ-২৪,১৪০.০০ (চব্বিশ হাজার একশত চল্লিশ) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা পরবর্তীতে প্রকৃত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। উক্ত কাজের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

২৬/০৮/২০২৬
মোঃ আব্দুল্লাহ আল মামুন
উপস্থাপন কর্মকর্তা
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

২৬/০৮/২৬
এইচ এম নূর হক অপু
সিএমএমএস কো-অর্ডিনেটর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা।

২৬/০৮/২৬
সুজন চন্দ্র রমজ
নির্বাহী প্রকৌশলী
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
ঢাকা ওয়াসা

২৬/০৮/২৬
মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।

০৩/০৮/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

নির্বাহী প্রকৌশলীর দপ্তর
সাপাশো ফেজ-২ (ওএন্ডএম) বিভাগ
২৬/০৮/২৬
১০/৮/২৬